উপজেলা পরিষদ
শান্তিগঞ্জ, সুনামগঞ্জ।

নভেম্বর/২০২২ মাসের উপজেলা পরিষদের মাসিক সভার কার্যবিবরণী:

সভাপতি : জনাব ফারুক আহমদ, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ।
সভার স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, শান্তিগঞ্জ।
সভার তারিখ : ২৩/১১/২০২২ খ্রি:
সময় : সকাল ১১.০০ ঘটিকা।

সভায় উপস্থিত সদস্যদের তালিকা পরিশিষ্ট 'ক':

সভাপতির অনুমতিক্রমে উপজেলা নির্বাহী অফিসার, শান্তিগঞ্জ উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভার শুরুতেই উপজেলা পরিষদে হস্তান্তরিত ১৭টি বিভাগের কার্যক্রম সরকারি নির্দেশনা মোতাবেক ধারাবাহিকভাবে সভায় উপস্থাপনের জন্য সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানকে অনুরোধ করেন। এ বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার জানান যে, বর্তমানে উপজেলা পরিষদের মাসিক কার্যক্রম পরবর্তী মাসের ০৫ তারিখের মধ্যে এম আই এস এর মাধ্যমে উর্ধ্বতন কর্তৃপক্ষকে জানাতে হয়। এমতাবস্থায় সঠিক সময়ে স্থায়ী কমিটির সভাসহ উপজেলা পরিষদের অন্যান্য কার্যক্রম সম্পন্ন করা না হলে এম আই এস এর মাধ্যমে তথ্য সরবরাহ করা যাবে না ফলে উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক পরিষদের কার্যক্রম মূল্যায়ন করা সম্ভব হবে না বিধায় বিভিন্ন প্রকারের জটিলতা দেখা দিবে।

এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের ১৭ টি স্থায়ী গঠন করা হয়েছে। নিয়মিত স্থায়ী কমিটির সভাসমূহ পরিচালনার জন্য সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান/সদস্য সচিবগণকে অনুরোধ জানানো হয়। অতঃপর সভার আলোচ্য সূচী অনুযায়ী নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় এবং বিগত সভার কার্যবিবরণী দৃঢ়করণ করা হয়।

এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের স্থায়ী কমিটির সভাসমূহ নিয়মিত পরিচালনার জন্য সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান/সদস্য সচিবগণকে অনুরোধ জানানো হয়। অতঃপর সভার আলোচ্য সূচী অনুযায়ী নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় এবং বিগত সভার কার্যবিবরণী দৃঢ়করণ করা হয়

| আলোচ্য বিষয় | আলোচনা | | | গৃহীত সিদ্ধান্ত ও বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১. বিগত সভার কার্যবিবরণী অনুমোদন | বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনানো হয় এবং কার্যবিবরণীতে কোন প্রকার সংযোজন/বিয়োজন আছে কি না সভায় জানতে চাওয়া হয়। | | | সিদ্ধান্ত ১ঃ কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় তা সর্ব সম্মতিক্রমে অনুমোদিত হয়। বাস্তবায়নে ঃ উপজেলা নির্বাহী অফিসার, দক্ষিণ সুনামগঞ্জ। |
| ০২. ব্যয়ের হিসাব | উপজেলা পরিষদের বিভিন্ন ব্যয় ঃ<br>সভায় নিম্নে উল্লেখিত বিলের বিষয়ে আলোচনা এবং পরিশোধিত বিলের ব্যয়োত্তর অনুমোদন প্রদান করা হয়। | | | |
| | ০১ | জনাব ফারুক আহমদ, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ এর অক্টোবর/২০২২ মাসের সম্মানী ভাতার বিল | ৪০,০০০/- | |
| | ০২ | জনাব নূর হোসেন, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ এর অক্টোবর/২০২২ মাসের সম্মানী ভাতা বিল। | ২৭,০০০/- | |
| | ০৩ | জনাব দুলন রানী তালুকদার, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ এর অক্টোবর/২০২২ মাসের সম্মানী ভাতার বিল। | ২৭,০০০/- | |
| | ০৪ | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ কার্যালয়ের অক্টোবর/২০২২ মাসের আনুষাঙ্গিক বিল ভ্যাটসহ | ৫০০০/- | |
| | ০৫ | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ কার্যালয়ের অক্টোবর/২০২২ মাসের মাসিক,আপ্যায়ণ ও অন্যান্য বিল ভ্যাটসহ | ১৩৯২৫/- | |
| | ০৬ | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ কার্যালয়ের সেপ্টেম্বর/২০২২ মাসের ইন্টারনেট বিল | ৩৫০/- | |
| | ০৮ | জনাব মোঃ মাহিন মিয়া, অফিস সহায়ক, উপজেলা পরিষদ,শান্তিগঞ্জ এর অক্টোবর/২০২২ মাসের মজুরী বিল । | ১৭০৫০/- | |
| | ০৯ | জনাব লব চন্দ্র পাল, অফিস সহায়ক, উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ এর অক্টোবর/২০২২ মাসের মজুরী বিল । | ১৭০৫০/- | |
| | ১০ | জনাব আবু রায়হান, মালী, উপজেলা পরিষদ, শান্তিগঞ্জএর অক্টোবর/২০২২ মাসের মজুরী বিল । | ১৭০৫০/- | |
| | ১১ | জনাব মো; কামাল হোসেন, পরিছন্নকর্মী উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ এর | ১৭০৫০/- | |

| | | | |
|---|---|---|---|
| | | অক্টোবর/২০২২ মাসের মাসের মজুরী বিল | |
| | ১২ | উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, শান্তিগঞ্জ এর অক্টোবর/২০২২ মাসের ইন্টারনেট বিল | ৪৫০/- |
| | ১৩ | উপজেলা পরিষদের অক্টোবর/২০২২ মাসের মাসিক সভাসহ বিভিন্ন সভার আপ্যায়ন বিল ভ্যাটসহ | ১৩,০০২/- |
| | ১৪ | উপজেলা ভাইস চেয়ারম্যানগণের সভাপতিত্বে গঠিত ১৭ সতেরটি উপজেলা কমিটির সভার জন্য অক্টোবর/২০২২ মাসের মাসের আপ্যায়ণ ও অন্যান্য খরচ বাবদ ব্যয়। | ৮,০০০/- |

বিভাগওয়ারী আলোচনাঃ

| ক্রমিক | আলোচ্য বিষয়/ বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১। | উপজেলা প্রকৌশল বিভাগ | উপজেলা প্রকৌশলী সভায় ২০২১-২০২২ অর্থ বছরে এডিপি খাতের প্রকৃত ব্যয় ১,২১,০২,৩২৯ টাকা। সংশোধিত বাজেটের আওতায় ইউনিয়ন পরিষদ খাতের পণ্য ও সেবা বাবদ স্মারক নং-২৪৪ তাং-২৫/৪/২২ ইং মূলে পূর্ববীরগাও ইউপি ভবন মেরামত ও সংস্কার কাজ বাবদ ১০ লক্ষ টাকা বরাদ্দ দেওয়া হয়, কোড নং ৩৬৩১১০৩। কিন্তু উক্ত খাতের কোড এর পরিবর্তে এডিপি খাতের কোড নং- ৪১১১৩১৭ হতে ভূলবশত ৪৩৯৬০৭/- টাকা পরিশোধ হওয়ায় এডিপি খাতে মোট ব্যয় ১,২৫,৪১,৯৩৬ টাকা। হিলিপ প্রকল্পের আওতায় ০৫ জেলায় প্রায় ৩০০ কোটি টাকা বরাদ্দ দেওয়া হয়েছে। স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, ঢাকার এর ১২.১০.২০২২ তারিখের ৮৮৯৩ নং স্মারকের পত্রটি সভায় উপস্থাপন করা হয়। পত্রে এলজিইডি কর্তৃক বাস্তবায়নাধীন বিভিন্ন উন্নয়নমূলক কাজের গুনগত মান নিশ্চিতক করার লক্ষ্যে উপজেলা পর্যায়ে মান নিয়ন্ত্রন ল্যাবরেটরি স্থাপনের জন্য উপজেলা পরিষদ ভবনে ১/২ টি কক্ষ বরাদ্দ দেওয়ার জন্য অনুরোধ করা হয়। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে উপযোগী একটি কক্ষ বরাদ্দের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। জরুরী ভিত্তিতে ২০২২-২০২৩ অর্থ বছরের এডিপির তালিকা দাখিল করতে হবে।<br>২. বন্যার কারণে যে সকল রাস্তাঘাট চলাচলের অনুপযোগী সে সকল রাস্তাঘাট জরুরী ভিত্তিতে মেরামত করতে হবে। | ১। উপজেলা প্রকৌশলী, শান্তিগঞ্জ। |
| ২। | উপজেলা স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তা, শান্তিগঞ্জ জানান যে, প্রাথমিক বিদ্যালয়গুলোতে করোনা ভ্যাকসিন দেওয়া শুরু হয়েছে। সকল শিক্ষার্থীকে ভ্যাকসিনের আওতায় আনার জন্য সংশ্লিষ্ট সকলের সহযোগীতা প্রয়োজন। স্থানীয় ইউপি চেয়ারম্যান ও সদস্যগণকে এ বিষয়ে জনগণকে সচেতনতামূলক পরামর্শ দেওয়ার জন্য অনুরোধ করা হয়। উপজেলা পরিষদ কর্তৃক গৃহীত বর্জ্য ব্যবস্থাপনা সংক্রান্ত প্রকল্প গ্রহণ করার জন্য ধন্যবাদ জানান। উপজেলা পরিষদ হতে বর্জ্য শোধনাঘার / টেকসই প্রকল্প গ্রহণ করা যায় কি না এ বিষয়ে সভায় সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন। | ১. প্রাথমিক বিদ্যালয়গুলোতে করোনা ভ্যাকসিন কাজে সংশ্লিষ্ট সকলকে সহযোগিতা প্রদান করতে হবে। । | ১। উপজেলা শিক্ষা কর্মকর্তা,শান্তিগঞ্জ।<br>২. চেয়ারম্যান (সকল), শান্তিগঞ্জ। |
| ৩। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জানান যে, শ্রীরামপুর ঈশাখপুর বন্যা আশ্রয় কেন্দ্রের কাজ সম্পন্ন করা হয়েছে। উপজেলা পরিষদের টি আর কাবিখা এর তালিকা অনুমোদন হয়েছে।৪০ দিনের কর্মসূচী চলবে। ২য় পর্যায়ে ১১০ দিনের কাজ করা হবে। দৈনিক মজুরী ৪০০ টাকা। রেজিস্টার লেবার দিয়ে কাজ সম্পন্ন করতে হবে। ৭৫% মহিলা অন্তর্ভূক্ত করতে হবে। | ১। জরুরী ভিত্তিতে ২০২২-২০২৩ অর্থ বছরের টিআর, কাবিখা ও কর্মসৃজন প্রকল্পসমূহ বাস্তবায়ন করতে হবে। | ১। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, শান্তিগঞ্জ। |

| | আলোচ্য বিষয়/ বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ৪। | উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ | উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল কর্মকর্তা সভায় জানান ০৪ তলা বিশিষ্ট জনস্বাস্থ্য ভবন নির্মাণের জন্য জায়গা বরাদ্দ পাওয়া গেছে। ভবনটি নির্মাণের জন্য উপযোগী জায়গা প্রয়োজন। উপযোগী জায়গা নির্ধারণের জন্য সভায় অনুরোধ করা হয়। ভবনটি নির্মাণের উপজেলা পরিষদের সীমানার ভিতরে পর্যাপ্ত জায়গা রয়েছে কি না তা সরেজমিন পরিদর্শন করে আগামী মাসিক সভায় উপস্থাপনের জন্য সংশ্লিষ্ট কমিটিকে অনুরোধ করা হয়। | জনস্বাস্থ্য প্রকৌশল ভবনটি নির্মাণের জন্য উপজেলা পরিষদের সীমানার ভিতরে পর্যাপ্ত জায়গা রয়েছে কি না তা সরেজমিন পরিদর্শন করে আগামী মাসিক সভায় উপস্থাপন করতে হবে। | ১। সংশ্লিষ্ট কমিটি ও উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী,শান্তিগঞ্জ। |
| ৫। | উপজেলা কৃষি বিভাগ | উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, ৩৪০০ কেজি বোরো বীজ কৃষকদের মাঝে বিতরণ করা হয়েছে। প্রতিজন কৃষক ২ কেজি বীজ পেয়েছেন। ৪২০০ জন কৃষক ০৫ কেজি করে উফসী বীজ পাবেন। ১০ কেজি ডিওপি, এমওপি পাবে। অত্র উপজেলায় বিতরণ করার জন্য ২০০ কেজি সরিষার বীজ পাঠিয়েছেন জনাব শাহিন চৌধুরী। ইউপি চেয়ারম্যানবৃন্দের প্রত্যয়ণ নিয়ে একজন কৃষক ১০ জনের বীজ সংগ্রহ করতে পারবে। অত্র উপজেলায় ২০০ একর জমি অনাবাদি রয়েছে। ছায়াযুক্ত জায়গায় আদা, কচু, লাগানোর জন্য কৃষকদের পরামর্শ দেওয়া হচ্ছে। | ১. ভর্তুকির মাধ্যমে কৃষি পণ্য প্রকৃত কৃষকগণ যেন পেতে পারে তা নিশ্চিত করতে হবে। অত্র অঞ্চলের কৃষি উৎপাদন বৃদ্ধির জন্য কৃষকদের প্রয়োজনীয় পরামর্শ ও সহযোগিতা করতে হবে। | ১) উপজেলা কৃষি কর্মকর্তা / উপজেলা কৃষি সম্প্রসারণ কর্মকর্তা |
| ৬। | উপজেলা মৎস্য বিভাগ | উপজেলা মৎস্য কর্মকর্তা, শান্তিগঞ্জ সভায় জানান যে, অত্র কার্যালয়ের বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | সিদ্ধান্ত নাই। | ১) উপজেলা মৎস্য কর্মকর্তা, শান্তিগঞ্জ। |
| ৭। | উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা নির্বাহী অফিসার পরিবার পরিকল্পনা সভায় জানান যে, আগামী ১৭-২২ ডিসেম্বর পরিবার পরিকল্পনা সেবা সপ্তাহ পালন করা হবে। এ উপলক্ষ্যে বিশেষ কর্মসূচী গ্রহণ করা হয়েছে। শিমুলবাক এফডব্লিউসি এর বাউন্ডারী দেওয়ালটি জরুরী ভিত্তিতে নির্মাণ করতে হবে। এ ছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | ১) কার্যক্রমে আরও গতিশীলতা আনতে হবে। | ১) উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, শান্তিগঞ্জ |
| ৮ | উপজেলা প্রাণীসম্পদ বিভাগ | উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তা সভায় জানান যে, ১৮-২৪ তারিখ পর্যন্ত বিশ্ব এন্টিবায়েটিক সচেতন দিবস। এ দিবসটি মূল লক্ষ্যে হচ্ছে অপ্রয়োজনে এবং রেজিস্টার ডাক্তারের পরামর্শ ব্যতিত কেউ যেন এন্টিবায়েটিক গ্রহণ না করেন। এ বিষয়ে সবাইকে সচেতন করা। | ১) এন্টিবায়েটিক গ্রহণের পূর্বে অবশ্যই রেজিস্টার ডাক্তারের সাথে পরামর্শ করতে হবে। বিষয়টি জনগণকে সচেতন করার জন্য সংশ্লিষ্ট সকলকে দায়িত্বশীল ভূমিকা নিতে হবে। | ১) উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা ও সংশ্লিষ্ট সকল। |
| ৯ | উপজেলা প্রাথমিক শিক্ষা অফিস | উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা, সভায় জানান যে, জয়সিদ্ধি সঃপ্রাঃবিঃ মাটি ভরাট ও প্রটেকশন দেওয়াল জরুরী। আসামপুর সঃপ্রাঃবিঃ মাটি ভরাট ও বিভিন্ন স্কুলে ৩৫০ জোড়া বেঞ্চ প্রয়োজন। উপজেলা নির্বাহী অফিসার মহোদয় প্রাথমিক শিক্ষার মান বৃদ্ধির জন্য উপজেলার বিভিন্ন অফিস প্রধানগণের মাধ্যমে তদারকি কমিটি গঠন করেছেন। উক্ত তদারকি কমিটি নিয়মিত প্রাথমিক বিদ্যালয়গুলো পরিদর্শন করছেন। প্রাথমিক শিক্ষার মানোন্নয়নে শিক্ষা অফিস কর্তৃক প্রাথমিক শিক্ষকগণকে সঠিক নির্দেশনাসহ মনিটরিং | ১.জয়সিদ্ধি সঃপ্রাঃবিঃ মাটি ভরাট ও প্রটেকশন দেওয়াল ও বেঞ্চ ব্যবস্থা করতে হবে। প্রাথমিক শিক্ষার মানোন্নয়নে গৃহীত পদক্ষেপটি সফল করার জন্য সকলকে সহযোগিতা করতে হবে। | ১. উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা, ও উপজেলা প্রকৌশলী শান্তিগঞ্জ |

| ক্রমিক | আলোচ্য বিষয়/ বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| | | করা হচ্ছে। স্কুলের শিক্ষার্থীদের উপস্থিতি, শিক্ষকের সঠিক সময়ে উপস্থিতির বিষয়টি নিশ্চিত করার জন্য মনিটরিং করা হচ্ছে। মৌলিক বিষয়গুলোকে মূল্যায়ন করে সেরা ১০ টি বিদ্যালয়কে পুরস্কৃত করা হবে। | | |
| ১০ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগ সম্পর্কে আলোচনা করা যায়নি। | কার্যপত্রসহ পরবর্তী সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা, শান্তিগঞ্জ |
| ১১ | উপজেলা সমবায় কার্যালয় | উপজেলা সমবায় কর্মকর্তা বলেন, বঙ্গবন্ধু মডেল ভিলেজের কাজ চলমান রয়েছে। চলতি অর্থ বছরে ১,৩০,০০০/- টাকা রাজস্ব আয় হিসেবে সরকারি কোষাগারে জমা করা হয়েছে। ০৬ নভেম্বর ২০২২ জাতীয় সমবায় দিবস উদযাপন করা হয়েছে। দিবসটি উদযাপনে সরকারি বরাদ্দ সংকুলান না হওয়ায়, উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে অতিরিক্ত ২৫,০০০/- বরাদ্দ প্রদানের বিষয়ে আলোচনা করা হয়। | ১. বিভাগীয় কার্যক্রম আরও গতিশীল করতে হবে। জাতীয় সমবায় দিবসের ব্যয়িত অতিরিক্ত ২৫,০০০/- বরাদ্দের জন্য বিধি মোতাবেক প্রয়োজনী ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১.উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ ও উপজেলা সমবায় কর্মকর্তা, শান্তিগঞ্জ। |
| ১২ | উপজেলা সমাজসেবা কার্যালয় | উপজেলা সমাজসেবা কর্মকর্তা জানান যে, বয়স কম হওয়ায় ০৬ জনের বয়স্কভাতা বাতিল করা হয়েছে। যাদের বিয়ে হয়ে গেছে কিন্তু বিধবা ভাতার অন্তর্ভূক্ত তাদের তালিকা থেকে বাতিল করা হবে। বিধবা/ভিক্ষুক/বয়স্ক/প্রতিবন্ধীর তালিকা যাচাইবাছাইক্রমে আপডেট করা হবে। এ বিষয়ে সহযোগিতা প্রদান করার জন্য সকল ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ করা হয়। | ভিক্ষুক পুর্নবাসন কার্জটি সঠিকভাবে সম্পন্ন করতে হবে। | ১. উপজেলা সমাজসেবা কর্মকর্তা। |
| ১৩ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয় | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, শান্তিগঞ্জ সভায় জানান যে, খাদ্য বান্ধব তালিকার অনলাইন ডাটা বেইজে আপলোডের ১৪৮৬ জন ভোক্তার তথ্য বাদ পড়ে। এই ১৪৮৬ জন ভিভিন্ন ইউনিয়নের হওয়ায় খাদ্য মন্ত্রণালয়ের সিদ্ধান্ত মোতাবেক বাদপড়া ভোক্তার ইউনিয়নওয়ারী তালিকা প্রদানের জন্য পত্র প্রকাশ করা হলেও ০৪ টি ইউনিয়ন ব্যতিত পূর্বপাগলা, দরগাপাশা, পাথারিয়া ইউপি হতে তালিকা পাওয়া যায়নি। তাই আগামী ২৫/১১/২০২২ তারিখ তালিকা প্রকাশ করা প্রয়োজন। কারণ ০৮ টি ইউনিয়নের তালিকা পাওয়ার পর উপজেলা খাদ্য বান্ধব কমিটির অনুমোদনের পর আপলোড দিতে হবে। চলতি আমন সংগ্রহ মৌসুমে ৯৯ মে.টন ধান ও ৩৫১ মে.টন সিদ্ধ চাল সংগ্রহের জন্য বরাদ্দ পাওয়া গেছে। অচীরেই সংগ্রহ কমিটির সভা আহবান করে ব্যবস্থা নেওয়া হবে | দ্রুত তালিকা দাখিল করতে হবে। | ১. চেয়ারম্যান (সকল) ও উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, শান্তিগঞ্জ। |
| ১৪ | পরিসংখ্যান বিভাগ | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, সভায় জানান যে, তিনি বিগত মাসে অত্র উপজেলায় যোগদান করেছেন। তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। অত্র দপ্তরে লোকবল সংকট থাকায় জনগণ সেবা পেতে বিলম্বিত হচ্ছে। আগামী ০৬ মাসের মধ্যে জনসংখ্যার সার্ভের প্রতিবেদন পাওয়া যাবে। বার্ষিক পরিকল্পনা সামনে রেখে কাজ করা প্রয়োজন। অত্র উপজেলার বিভাগ ওয়ারী আপডেট ডাটাবেইজ সংগ্রহ করতে হবে। | কার্যক্রমে গতীশীলতা আনতে হবে। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা |
| ১৫ | আনসার ভিডিপি বিভাগ | উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা সভায় জানান যে, তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | কার্যক্রমে গতীশীলতা আনতে হবে। | উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা, |

| মিক | আলোচ্য বিষয়/ বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| | | | | শান্তিগঞ্জ |
| ১৬ | উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা,শান্তিগঞ্জ সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা করা হয়নি। | কার্যপত্রসহ পরবর্তী সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা |
| ১৭ | উপজেলা মহিলা বিষয়ক বিভাগ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা,শান্তিগঞ্জ কর্মকর্তা জানান ৩১ ডিসেম্বর ভিজিডি প্রকল্পের মেয়াদ শেষ হবে। নতুন চক্রে অনলাইনে আবেদন করতে হবে। ২৫ নভেম্বরের সময়ের মধ্যে আবেদন করতে হবে। তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | নির্ধারিত সময়ের মধ্যে আবেদনের প্রয়োজনীয় ব্যবস্থা করতে হবে। কার্যক্রমে গতীশীলতা আনতে হবে। | ১. উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |
| ১৮ | উপজেলা বন সংরক্ষণ বিভাগ | উপজেলা বন সংরক্ষণ কর্মকর্তা, সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা করা হয় নি। | কার্যপত্রসহ পরবর্তী সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা বন সংরক্ষণ কর্মকর্তা |
| ১৯ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, শান্তিগঞ্জ সভাকে অবহিত করেন যে, অত্র উপজেলায় ০৮ লক্ষ ৬০ হাজার টাকা ঋণ বিতরণ করা হয়েছে। বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ঋণ বিতরণ কার্যক্রমে গতীশীলতা আনতে হবে। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা |
| ২০ | পল্লী সঞ্চয় ব্যাংক ও আমার বাড়ি আমার খামার প্রকল্প। | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, শান্তিগঞ্জ সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা করা হয় নি। | কার্যপত্রসহ পরবর্তী সভায় উপস্থিত থাকতে হবে। | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক। |
| ২১ | বিবিধ আলোচনা | (ক) চেয়ারম্যান জয়কলস ইউপি, সভায় জানান যে, ফতেপুর -মানিকপুর রাস্তা খুবই খারাপ উক্ত রাস্তাটি জরুরী ভিত্তিতে মেরামতের জন্য সভায় অনুরোধ করা হয়।<br>(খ) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ ও উপজেলা নির্বাহী অফিসার শান্তিগঞ্জ সভায় বৈশ্বিক মন্দা মোকাবেলায় খাদ্যে স্বয়ংসম্পূর্ণতা অর্জনের লক্ষ্যে মাননীয় প্রধানমন্ত্রী দেশে কোন জমি অনাবাদি না রেখে চাষাবাদের আওতায় আনার বিষয়ে গুরুত্বারুপ করেছেন। স্বনির্ভর বাংলাদেশ বিনির্মাণের লক্ষ্যে স্ব স্ব অফিসের আঙ্গিনায়/আওতাধীন কৃষি ও অকৃষি জমি/পরিত্যক্ত সম্পত্তি/পরিত্যক্ত পুকুর ও জলাশয় অনাবাদি না রেখে তা শাকসবজি ও অন্যান্য ফসল চাষাবাদের আওতায় আনতে হবে এবং উপজেলা পরিষদের অভ্যন্তরে যে সকল অফিস রয়েছে সে সকল অফিস প্রধানগণ উপজেলা পরিষদের মালিকানাধীন পতিত জমি ও পুকুরপাড়ে স্ব-স্ব অফিসের নামে প্রদর্শনী প্লটে শাকসবজি ও অন্যান্য ফসল চাষাবাদ করার ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করেন।<br>(গ) উপজেলা নির্বাহী অফিসার, শান্তিগঞ্জ সভায় আলোচনা করেন যে, ১৬ ডিসেম্বর মহান বিজয় দিবস ২০২২ আগত। মহান বিজয় দিবস যথাযোগ্য মর্যদায় পালনের নিমিত্তে সভায় উপস্থিত সকল সদস্য বৃন্দের ঐকান্তিক চেষ্টা এবং সহযোগিতার কথা উল্লেখ করে দিবসটি উদযাপনের বিভিন্ন আনুষ্ঠানিকতা সম্পন্ন করার জন্য অর্থ সংগ্রহের বিষয়ে গুরুত্বারোপ করেন। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা-২০২০ এর অনুযায়ী | ১. ফতেপুর –মানিকপুর রাস্তাটি জরুরী ভিত্তিতে মেরামত করতে হবে।<br>২. উপজেলা পরিষদের অভ্যন্তরে যে সকল অফিস রয়েছে সে সকল অফিস প্রধানগণ উপজেলা পরিষদের মালিকানাধীন পতিত জমি ও পুকুরপাড়ে স্ব-স্ব অফিসের নামে প্রদর্শনী প্লটে শাকসবজি ও অন্যান্য ফসল চাষাবাদ করার ব্যবস্থা করতে হবে।<br>৩. ১৬ ডিসেম্বর মহান বিজয় দিবস ২০২২ এর বিভিন্ন আনুষ্ঠানিকতার ব্যয়ভার নির্বাহের জন্য উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে ৫০,০০০/-(পঞ্চাশ হাজার) টাকা উত্তোলন করতে হবে। | ১. উপজেলা প্রকৌশলী, শান্তিগঞ্জ।<br>২. উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ ও উপজেলা..... কর্মকর্তা(সকল) শান্তিগঞ্জ।<br>৩.উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ। |

| ক্রমিক | আলোচ্য বিষয়/ বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| | | জাতীয় দিবস উদযাপনের নিমিত্তে বৎসরে সর্বোচ্চ ১,০০,০০০/-(এক লক্ষ) টাকা ব্যয় করা যাবে মর্মে উল্লেখ রয়েছে। নির্দেশিকার আলোকে ও করোনা পরিস্থিতি বিবেচনার আলোকে আসন্ন ১৬ ডিসেম্বর মহান বিজয় দিবস ২০২২ এর বিভিন্ন আনুষ্ঠানিকতার ব্যয়ভার নির্বাহের জন্য উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে ৫০,০০০/-(পঞ্চাশ হাজার) টাকা উত্তোলনের জন্য প্রস্তাব করেন।<br>(ঘ) জনাব নিজাম উদ্দিন, সাধারণ সম্পাদক, উপজেলা মাধ্যমিক শিক্ষক কর্মচারী সমিতি এর বিগত ২৭/১০/২০২২ অনুষ্ঠিত জাতীয় শিক্ষক দিবস-২০২২ এ ১০০ (একশত) গেঞ্জি ও ১০০ ক্যাপ এর খরচ বাবদ ১৬,০০০/-(ষোল হাজার) টাকা উপজেলা রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য আবেদন করেন। আবেদনের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা-২০২০ এর ০৪ নং অনুচ্ছেদ অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার বিষয়ে আলোচনা করা হয়। | (ঘ) উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা-২০২০ এর ০৪ নং অনুচ্ছেদ অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ৪.উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ। |

অত:পর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(ফারুক আহমদ)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
শান্তিগঞ্জ, সুনামগঞ্জ।

স্মারক নং-০৫.৪৬.৯০১১.০০০.১১.০৩৬.২১- ৯৭(৫০)

তারিখ: ২৩/১১/২০২২ খ্রি:

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়) :

০১. জনাব এম.এ.মান্নান, মাননীয় মন্ত্রী, পরিকল্পনা মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার।
০২. মন্ত্রিপরিষদ সচিব, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩. সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রনালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪. কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
০৫. পরিচালক, স্থানীয় সরকার, সিলেট।
০৬. জেলা প্রশাসক, সুনামগঞ্জ।
০৭. ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়াম্যান, উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ।
০৮. উপজেলা ................................... কর্মকর্তা, শান্তিগঞ্জ।
০৯. চেয়ারম্যান ............................................................ ইউনিয়ন পরিষদ (সকল), শান্তিগঞ্জ।
১০. জনাব/জনাবা.......................................................................................

২৩/১১/২২

(মোঃ আনোয়ার উজ জামান)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মূখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ

## উপজেলা মাসিক সভায় উপস্থিত সম্মানিত সদস্যবৃন্দের হাজিরা ঃ

(তারিখ ঃ [illegible]/২২ খ্রিঃ)

(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

উপজেলার নাম ঃ দক্ষিণ সুনামগঞ্জ।

| ক্রঃ নং | পদবী | নাম | মোবাইল নম্বর | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ০১ | ভাইস চেয়ারম্যান | নুর হোসেন | 017224541[illegible] | [signature] |
| ০২ | মহিলা ভাইস চেয়ারম্যান | [illegible] রানী তালুকদার | 0173791360[illegible] | [signature] |
| ০৩ | উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা | ডা. সুকুমার চন্দ্র দাস | 01716-531262 | [signature] |
| ০৪ | উপজেলা মৎস্য কর্মকর্তা | For [illegible] চন্দ্র দাস | 01729723642 | [signature] |
| ০৫ | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা | ডা. [illegible] | [illegible] | [signature] |
| ০৬ | উপজেলা কৃষি কর্মকর্তা | মো: [illegible] রহমান | 01717364730 | [signature] |
| ০৭ | উপজেলা প্রকৌশলী, এলজিইডি | মো: [illegible] | 01708-161681 | [signature] |
| ০৮ | উপজেলা পঃ পঃ কর্মকর্তা | [illegible] | 01715-171668 | [signature] |
| ০৯ | উপজেলা শিক্ষা কর্মকর্তা | মো: সেলিম হাসান | 01718-064880 | [signature] |
| ১০ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা | | | |
| ১১ | উপজেলা সমাজ সেবা কর্মকর্তা | [illegible] | 01315546[illegible] | [signature] |
| ১২ | উপজেলা সমবায় কর্মকর্তা | মোহাম্মদ [illegible] | 01716885163 | [signature] |
| ১৩ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা | সন্দীপ [illegible] | 01758132839 | [signature] |
| ১৪ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা | মো: শাহাদাত হোসেন ভূঞা | 01675354042 | [signature] |
| ১৫ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা | মো: [illegible] | 01722227904 | [signature] |
| ১৬ | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা | মো. মাসুদ সরকার | 01673386[illegible] | [signature] |
| ১৭ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক | [illegible] | 01715720403 | [signature] |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৮ | উপজেলা উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) | মো: আব্দুর রব সরকার | 01716-479677 | [signature] |
| ১৯ | উপজেলা আনসার ও বিডিপি কর্মকর্তা | মো: কামাল আনসার ও ভিডিপি কর্মকর্তা | 01754139562 | [signature] |
| ২০ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা | | | |
| ২১ | উপজেলা বন সংরক্ষণ কর্মকর্তা | | | |
| ২২ | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক | | | |
| ২৩ | চেয়ারম্যান, জয়কলস ইউপি | [illegible] | 01788673040 | [signature] |
| ২৪ | চেয়ারম্যান, পাথারিয়া ইউপি | মো: শহিদুল ইসলাম | 01797204856 | [signature] |
| ২৫ | চেয়ারম্যান, শিমুলবাঁক ইউপি | সাহিদুর রহমান | 017087968 44 | [signature] |
| ২৬ | চেয়ারম্যান, পশ্চিম বীরগাও ইউপি | নুর [illegible] | 01718106450 | [signature] |
| ২৭ | চেয়ারম্যান, পূর্ব বীরগাও ইউপি | রবিউল ইসলাম | 017295877 97 | [signature] |
| ২৮ | চেয়ারম্যান, দরগাপাশা ইউপি | | | |
| ৩১ | চেয়ারম্যান, পশ্চিম পাগলা ইউপি | মো: [illegible] | 01748913944 | Haider |
| ৩০ | চেয়ারম্যান পূর্ব পাগলা ইউপি | আবু কালাম | 01745874863 | [signature] |
| ৩১ | সংরক্ষিত মহিলা আসনের সদস্য | | | |
| ৩২ | সংরক্ষিত মহিলা আসনের সদস্য | | | |
| ৩৩ | সংরক্ষিত মহিলা আসনের সদস্য | | | |
| ৩৪। | [illegible] | [illegible] | [illegible] | [signature] |